১০ জুলাই, ২০২৫

# কোনও নির্বাচনেই ইভিএম ব্যবহার হবে না: নির্বাচন কমিশনার সানাউল্লাহ



সংগৃহীত ছবি

জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচনগুলোতে আর ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহৃত হবে না বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ। বৃহস্পতিবার (১০ জুলাই) নির্বাচন কমিশনের ৯ম কমিশন সভা শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান।

জাতীয় সংসদ ও স্থানীয় সরকার নির্বাচনগুলোতে আর ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহৃত হবে না বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ। বৃহস্পতিবার (১০ জুলাই) নির্বাচন কমিশনের ৯ম কমিশন সভা শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান।

তিনি বলেন, “কমিশনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়েছে আগামী জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনে ইভিএম আর ব্যবহার করা হবে না।”

প্রবাসী ভোটারদের বিষয়ে তিনি জানান, এবার তারা ‘আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালট’-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। ব্যালটের জন্য অনলাইনে আবেদন করার ব্যবস্থাও থাকবে।

LENS ASIA

ভোটার তালিকা প্রসঙ্গে ইসি সানাউল্লাহ জানান, চলমান হালনাগাদ কার্যক্রমে এখন পর্যন্ত ৪৪ লাখ ৬৬ হাজার বাদ পড়া ভোটার শনাক্ত করা হয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হবে জুলাইয়ের শেষ কিংবা আগস্টের শুরুতে। ওই তালিকায় বাদ পড়াদের অন্তর্ভুক্ত করা হবে।

রাজনৈতিক দল নিবন্ধন প্রসঙ্গে তিনি বলেন, নাগরিক ঐক্য ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ‘শাপলা’ প্রতীক চাইলেও তাদের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি। নিবন্ধনের প্রাথমিক যাচাই-বাছাই এর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে বলেও জানান তিনি